

নামাজী ব্যক্তির পুরস্কার

নিয়মিত নামাজী ব্যক্তিকে আলাহ ৫টি পুরস্কার দিবেন।

তার উপর হতে রিজিকের কষ্ট দূর করে দিবেন।

তার মৃত্যুর পর কবরের আযাব হতে মুক্তি দিবেন।

কিয়ামতের কঠিন দিনে তার ডান হাতে আমলনামা দিবেন।

পুলসিরাত বিদ্যুৎ গতিতে পার করে দিবেন।

তাকে বিনা হিসাবে চিরস্থায়ী জান্নাতে প্রবেশ করাবেন।

কবরের ডাক

প্রতিদিন ডাকি তোমায় নেই কোন চেতনা,

সময় থাকিতে কর পরকালের সাধনা।

ডাকার মত ডাকব একদিন আমি অন্ধকার কবর,

আসতে হবে আমার কোলে রাখনা কেন খবর।

সাপ বিচ্ছু আজাব গজব থাকবে তুমি একেলা,

তোমার যে দিন ডাক পরিবে পরবে কান্নার মেলা।

ছেলে মেয়ে কাঁদবে সবাই কেউ হবে না সাথী,

আমি কবর, নির্জন গৃহ কেউ দিবে না বাতি।

তোমার সম্বল, ঈমানের বল।

হিসাব কর পথে,

শান্তি যদি পেতেও চাও আমল আনিও সাথে।

*** আলাহ আমাদের সৎ আমল নিয়ে কবরে যাওয়ার তৌফিক দিন ***

প্রত্যেক মুসলমান নর ও নারীর জন্য নামাজ পড়া ফরজ

নামাজ

যে ব্যক্তি ফজরের নামাজ ছেড়ে দিবে তার চেহারার উজ্জ্বলতা নষ্ট হয়ে যাবে।

যে ব্যক্তি যোহরের নামাজ ছেড়ে দিবে তার রুজির বরকত কমে যাবে।

যে ব্যক্তি আছরের নামাজ ছেড়ে দিবে তার শরীরের শক্তি কমে যাবে।

যে ব্যক্তি মাগরিবের নামাজ ছেড়ে দিবে সন্তানাদি তার কোন উপকারে আসবে না।

যে ব্যক্তি ইশার নামাজ ছেড়ে দিবে তার নিদ্রার পরিতৃপ্তি নষ্ট হয়ে যাবে।

মায়ের দোয়া সবচেয়ে বড় দোয়া

মা

মায়ের পাঁয়ের নীচে সন্তানের বেহেশত।

মায়ের শিক্ষাই শিশুর ভবিষ্যতের বুনয়াদ।

মা নাই গৃহে যার সংসার অরণ্য তার,

দেখিলে মায়ের মুখ মুছে যায় সব দুঃখ।

মা ডাকটি অতি মধুর জেনে রেখ ভাই

মায়ের মত আপনজন ত্রিভুবনে নাই।